

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুস সামাদ বিসিএস (প্রঃ) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা। তিনি গত ১১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব হিসেবে যোগদান করেন। গত ৪ এপ্রিল ২০১৮ তারিখে তিনি সচিব পদে পদোন্নতি পান। নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি খুলনার বিভাগীয় কমিশনার ছিলেন।

জনাব সামাদ তাঁর কর্মজীবন শুরু করেন ১৯৮৬ সালে, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এজিএম হিসেবে। তিনি ১৯৮৮ সালের ১৫ ফেব্রুয়ারী তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে সহকারী সচিব পদে যোগ দেন। তিনি ১৯৯১ হতে ১৯৯৭ পর্যন্ত

স্থানীয় সরকার বিভাগে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব পদে নিয়োজিত ছিলেন। তিনি ১৯৯৭ সাল হতে ১৯৯৯ পর্যন্ত সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলায় এবং ১৯৯৯ হতে ২০০১ পর্যন্ত সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে উপজেলা নির্বাহী অফিসার ছিলেন। তিনি ২০০৩ হতে ২০০৬ পর্যন্ত নেত্রকোনা জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কাজ করেন। তিনি ২০০৬ হতে ২০০৮ পর্যন্ত পরিবেশ অধিদফতরের পরিচালক পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০০৯ সালে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০০৯-২০১১ সালে তিনি সাতক্ষীরার জেলা প্রশাসক ছিলেন। ২০১২ সালে তিনি রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান নিযুক্ত হন এবং দু' বছর দায়িত্ব পালন করেন। ২০১৪ সালে তিনি খুলনার বিভাগীয় কমিশনার নিযুক্ত হন।

জনাব সামাদ ১৯৯৪ সালে সিনিয়র সহকারী সচিব, ২০০৬ সালে উপসচিব, ২০১২ সালে যুগ্ম সচিব এবং ২০১৫ সালে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পান। তিনি ২০১১ সালে সাতক্ষীরার জেলা প্রশাসক থাকাকালে দেশের শ্রেষ্ঠ জেলা প্রশাসক নির্বাচিত হন।

জনাব সামাদ ১৯৬১ সালে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় জন্ম গ্রহন করেন। তিনি ১৯৭৬ সালে নালিতাবাড়ী তারাগঞ্জ হাই স্কুল থেকে প্রথম বিভাগে এসএসসি পাশ করেন। তিনি ঢাকা কলেজ থেকে কৃতিত্বের সাথে এইচএসসি পাশ করেন। তিনি ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং বিএসসি ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি মার্কেটিং এ এমবিএ করেন।

জনাব সামাদ ফরেন ট্রেনিং, ওয়ার্কশপ, মিটিং ও সেমিনার উপলক্ষে বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। তিনি ১৯৮৯ সালে জাইকার উদ্যোগে ইউথ ডেলিগেশন নিয়ে জাপান সফর করেন। তিনি জার্মানি, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, দঃ কোরিয়া, স্পেন, মালয়েশিয়া, ফিলিপাইন, ভারত ও কানাডা সফর করেছেন।

জনাব সামাদ একজন কবি। তাঁর একাধিক কবিতার বই প্রকাশিত হয়েছে। তাঁর প্রকাশিত কাব্যগ্রন্থের মধ্যে "শুভ্র সমুজ্জ্বল", " শিশিরে জীবন কল্লোল", " ঘাস ফড়িংয়ের জোৎস্না স্নান" উল্লেখযোগ্য। তিনি মুক্তিযুদ্ধের একজন গবেষক। শেরপুরের শহীদ মুক্তিযোদ্ধা নাজমুলের উপর তাঁর লেখা "জল জোছনায় নাজমুল" বহুল প্রশংসিত একটি গবেষণা গ্রন্থ।

জনাব সামাদ বিবাহিত। স্ত্রী সুলতানা নিলুফার জাহান, পুত্র তানভীর তাজওয়ার ও কন্যা ফারিহা তাসনোভাকে নিয়ে তাঁদের সুখী পরিবার।